



ত্বালিবে ইলমের অঙ্গীকারনামা

- * এই মর্মে অঙ্গীকার করছি যে, মাদরাসার যাবতীয় নিয়ম-কানুন অবশ্যই মেনে চলবো এবং কুরআন ও সুন্নাহভিত্তিক জীবন পরিচালনা করতে প্রকৃত আহলে সুন্নত ওয়াল জামাতের আক্বিদা পোষণ করবো।
- * আদর্শ মানুষ হওয়ার লক্ষ্যে আসাতিয়ায়ে কেরামের সকল আদেশ-নিষেধ সন্তুষ্টচিত্তে মেনে নিবো এবং আকাবির ও আসলাফদের নকশে রুদমের উপর চলতে সচেষ্টি হবো।
- * সর্বদা ফরজ ও ওয়াজিব সমূহ (অবশ্যই) আদায় করার পাশাপাশি প্রতিটি কাজ-কর্মে সুন্নাহের অনুসরণ করবো।
- * সর্বদা তালীম-তরবিয়াত, আফকার (সুস্থ ও সঠিক চিন্তা-ভাবনা) ও আখলাকের (চরিত্র সংশোধন) উন্নতিমূলক কাজে লিপ্ত থাকবো, এ ছাড়া অন্য কোন শোগল এখতিয়ার করবোনা।
- * মাদরাসা কর্তৃক নির্ধারিত পোশাক (ইউনিফর্ম) পরিধান করবো।
- * সর্বদা নিজের ও দরসগাহের পরিষ্কার-পরিচ্ছন্নতার প্রতি খেয়াল রাখবো।
- * বিশেষ কারণ ছাড়া দরসে অনুপস্থিত থাকবো না। মাদরাসার নির্ধারিত ছুটি ছাড়া অযথা ছুটির আবেদন করবোনা, একান্ত প্রয়োজন হলে মুহতামীম সাহেব বরাবর দরখাস্তের মাধ্যমে ছুটি নিবো।
- * কোন প্রকার ফেতনা ফাসাদ ও রাজনৈতিক-অরাজনৈতিক সংগঠনের সাথে জড়িত হবো না।
- * সকল আসাতিয়া ও খাদেমদের সাথে সৌজন্যমূলক আচরণ করবো, বেয়াদবীমূলক কোন আচরণ করবো না।
- * কোন ছাত্রের সাথে বিশেষ করে নিজ সমবয়সী ছাড়া অন্য কারো সাথে কোন প্রকার সম্পর্কে জড়াবোনা।
- * টিভি, সিডি, ভিসিডি, মোবাইল ইত্যাদী জাতীয় চরিত্র বিধ্বংসী আসবাব থেকে সর্বদা নিজেকে দূরে রাখবো।
- * বিড়ি, সিগারেট, তামাক সহ নেশা জাতীয় সকল দ্রব্য পরিত্যাগ করে চলবো।
- * নিজের আসবাবপত্র নিজেই হেফাজত করবো। কোন কিছু হারিয়ে গেলে বা চুরি হলে আমি বা আমার অভিভাবকের মাদরাসা কর্তৃপক্ষকে কোন কিছু বলার বা অভিযোগ করার অধিকার থাকবেনা।
- * মাদরাসার সকল জিনিসের হেফাজত নিজের ঈমানী দায়িত্ব মনে করে করবো। আমার দ্বারা কোন জিনিসের ক্ষতি হলে, ক্ষতিগ্রস্ত জিনিসের পূর্ণ মূল্য আদায় করতে বাধ্য থাকবো।
- * অন্যের কোন জিনিস ব্যবহার করবো না, একান্ত প্রয়োজন হলে তার অনুমতিক্রমে ব্যবহার করবো।
- * (আল্লাহ হেফাজত করুন!) অনুমতি ছাড়া কোথাও গিয়ে সমস্যার সম্মুখীন হলে মাদরাসা কর্তৃপক্ষ দায়ী থাকবেনা।
- * দেশ ও রাষ্ট্রীয় আইন বিরোধী কোন কাজ করলে সেটার দায়ভার আমার উপরই বর্তাবে, এতে কোন অবস্থাতেই মাদরাসা বা মাদরাসার কর্তৃপক্ষকে দায়ী করা যাবে না।
- * উল্লেখিত নিয়ম-কানুন পরিপন্থী কোন কাজ করলে মাদরাসা কর্তৃপক্ষ যে সিদ্ধান্ত গ্রহণ করবেন, তা মেনে নিতে বাধ্য থাকবো।

ত্বালিবে ইলমের নাম ও স্বাক্ষরঃ..... অভিভাবকের নাম ও স্বাক্ষরঃ.....

তারিখঃ.....

তারিখঃ.....